

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৪৫

১/ বিবিধ

আরবী

من خرج حاجا فمات كتب له أجر الحاج إلى يوم القيامة، ومن خرج معتمرا فمات
كتب له أجر المعتمر إلى يوم القيامة
ضعيف

رواه الطبراني في "الأوسط" (1 / 111 / 2) عن أبي معاوية: حدثنا محمد بن إسحاق
عن جميل بن أبي ميمونة عن عطاء بن يزيد الليثي عن أبي هريرة مرفوعا وقال: "لم
يروه عن عطاء إلا جميل، ولا عنه إلا ابن إسحاق تفرد به أبو معاوية". ومن هذا
الوجه رواه الضياء في "المنتقى من مسموعاته بمرو" (1 / 33) وزاد: "ومن خرج
غازيا في سبيل الله فمات كتب له أجر الغازي إلى يوم القيامة
وهكذا أورده المنذري في "الترغيب" (2 / 112) وقال: "رواه أبو يعلى من رواية
محمد بن إسحاق، وبقيّة رواته ثقات". قلت: يعني أن ابن إسحاق مدلس وقد عنعنه.
فهذه علة، وفيه علة أخرى، فقال الهيثمي (3 / 208 - 209) بعد أن عزاه للطبراني
وحده: "وفيه جميل بن أبي ميمونة، وقد ذكره ابن أبي حاتم، ولم يذكر فيه جرحا ولا
تعديلا، وذكره ابن حبان في (الثقات)
قلت: وتساهل ابن حبان في التوثيق معروف، فالرجل مجهول الحال، والله أعلم

বাংলা

৭৪৫। যে ব্যক্তি হজ্জ করতে বের হয়ে মারা যাবে, তার জন্য কিয়ামত দিবস পর্যন্ত হজ্জকারীর সাওয়াব লিপিবদ্ধ

করা হবে। আর যে ব্যক্তি উমরাহ করতে বের হয়ে মারা যাবে, তার জন্য কিয়ামত দিবস পর্যন্ত উমরাকারীর সাওয়াব লিপিবদ্ধ করা হবে।

হাদীছটি দুর্বল।

এটি তাবারানী “আল-আওসাত” (১/১১১/২) গ্রন্থে আবু মুয়াবিয়াহ হতে তিনি মুহাম্মাদ ইবনু ইসহাক হতে তিনি জামীল ইবনু আবী মায়মূনাহ হতে তিনি আতা ইবনু ইয়াযীদ আল-লাইছী হতে ... বর্ণনা করেছেন। তাবারানী বলেনঃ হাদীছটি আতা হতে একমাত্র জামীল বর্ণনা করেছেন, জামীল হতে একমাত্র ইবনু ইসহাক বর্ণনা করেছেন আর ইবনু ইসহাক হতে একমাত্র আবু মু’আবিয়াহ বর্ণনা করেছেন। এ সূত্রেই যিয়া "আল-মুনতাকা মিন মাসমূয়াতহি বেমারু" (১/৩৩) গ্রন্থে বর্ণনা করেছেন। তবে নিম্নোল্লিখিত কথাগুলি বেশী বলেছেনঃ

من خرج غازيا في سبيل الله فمات كتب له أجر الغازي إلى يوم القيامة

"যে ব্যক্তি জিহাদ করার উদ্দেশ্যে বের হয়ে মারা যাবে, তার জন্য কিয়ামত দিবস পর্যন্ত জিহাদকারীর ন্যায় সাওয়াব লিপিবদ্ধ করা হবে।"

মুন্যের "আত-তারগীব" (২/১১২) গ্রন্থে একুপই বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ আবু ইয়ালা মুহাম্মাদ ইবনু ইসহাকের সূত্রে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ মুহাম্মাদ ইবনু ইসহাক মুদাল্লিস, তিনি আন আন করে বর্ণনা করেছেন। এটি একটি সমস্যা। আরেকটি সমস্যা হচ্ছে বর্ণনাকারী জামীল ইবনু আবী মায়মূনাহ, তাকে ইবনু আবী হাতিম উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি।

ইবনু হিব্বান তাকে নির্ভরযোগ্যদের অন্তর্ভুক্ত করেছেন। তাতে তিনি শিখিলতা প্রদর্শন করেছেন। কারণ তিনি মাজহুলুল হাল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71624>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন